

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
নন-গেজেটেড সংস্থাপন ও এন্টিআর শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ৩৭০-আইন/২০১৮ —গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে
প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম
কমিশনের সহিত পরামর্শক্রমে সড়ক ও জনপথ অধিদপ্তরের (নন-ক্যাডার গেজেটেড এবং নন-গেজেটেড
কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা :—

উপর-উক্ত বিধিমালার বিধি-৬ এর পর নিম্নরূপ বিধি ৬ ক সন্তুষ্টিপূর্ণভাবে প্রযোজ্য হইবে, যথা :—

“৬ক। বিশেষ বিধান —(১) তফসিলের ক্রমিক নম্বর ৩৭, ৩৯, ৪০, ৫০, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬২, ৬৩,
৬৫, ৭৫, ৯০, ১০০, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৮, ১০৯, ১১০, ১১১ ও ১১২ এর বিপরীতে কলাম ৩ এ সরাসরি
নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা যাহাই উল্লেখ থাকুক না কেন, ওয়ার্কচার্জড কর্মচারীগণকে সরাসরি নিয়োগের সর্বোচ্চ
বয়সসীমা অবসর গ্রহণের পূর্বদিন পর্যন্ত এককালীন শিখিল করিয়া, উক্ত কর্মচারীকে যে পদে নিয়োগ করা হইবে সেই
পদের জন্য নির্ধারিত নিয়োগযোগ্যতা থাকা সাপেক্ষে, নিয়োগ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগপ্রোক্তি

- (ক) কর্মচারীগণ কোনো পদেন্তিপূর্বে পাইবেন না, এবং প্রেষণ, লিয়েন, পদবি পরিবর্তন বা অন্য কোনো
পদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না ; এবং
- (খ) কোনো কর্মচারীর অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে উক্ত
শূন্য পদ পূরণের ক্ষেত্রে এই বিধির বিধানাবলি প্রযোজ্য হইবে না।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ নজরুল ইসলাম
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৬৬১৫)

মূল্য : টাকা ৪.০০